



**SWIS-H**  
STATEWIDE INFANT  
SCREENING - HEARING

## কেন আমার শিশুর রোগ নির্ণায়ক মূল্যায়নের প্রয়োজন?



যদি প্রথম দুটি শ্রবণ স্ক্রিনিং-এ পরিষ্কার কোন ফলাফল না পাওয়া যায়, তাদের রোগ নির্ণায়ক মূল্যায়নের প্রয়োজন হবে।

এর জন্য কতগুলো কারণ হতে পারে।

এটি হতে পারে যে:

- জন্মের পর শিশুর কানে তরল বা প্রতিবন্ধকতা ছিলো
- আপনার শিশুর হয়তো কিছু পরিমাণ শ্রবণহীনতা আছে

আপনার শিশু কত ভালোভাবে শুনতে পারে সেটি যত দ্রুত সম্ভব জানা দরকার যাতে করে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সাহায্য পেতে পারেন।

যেখান থেকে রেফার করা হয়েছে, সেখান থেকে হাসপাতালের দূরত্ব যদি ১০০ কিলোমিটারের বেশী হয়, তাহলে যিনি আপনাকে এই তথ্যপুস্তিকা দিয়েছেন তাকে SWIS-H ভ্রমণ সহায়তা প্রকল্প সম্পর্কে জিজ্ঞাসা করুন।

## রোগ নির্ণায়ক মূল্যায়নে কি হবে?

আপনার শিশু কিভাবে শুনে সে ব্যাপারে বিস্ময়জনক তথ্য জানাতে কতগুলো পরীক্ষা করা হবে।

একজন অডিওলজিস্ট যিনি শ্রবণের পরীক্ষার ব্যাপারে বিশেষজ্ঞ, তিনি পরীক্ষাগুলো করবেন। এই মূল্যায়ন বিনামূল্যে করা হবে।

কোন পরীক্ষাই আপনার শিশুর ক্ষতি করবে না।

## এই মূল্যায়নের জন্য কিভাবে আমার শিশুকে প্রস্তুত করবো?

সবচেয়ে ভালো হয় যদি এই পরীক্ষার সময় আপনার শিশু ঘুমিয়ে থাকে। এই কারণে, আপনার শিশুকে খাওয়ানো এবং বিশ্রাম দিয়ে ঘুম পাড়াতে আপনার একটু আগে আসা উপকারী হয়।

আপনার যদি অন্যান্য সঙ্গী থাকে, দয়া করে তাদের বাসায় দেখাশুনা করার জন্য কাউকে ব্যবস্থা করুন, যাতে করে মূল্যায়নের পুরো সময় আপনি আপনার শিশুর সাথে থাকতে পারেন। পরিবেশ অবশ্যই শান্ত থাকতে হবে।

যেহেতু রোগ নির্ণায়ক মূল্যায়নে কতগুলো পরীক্ষা অস্বাভাবিক, তাই আপনার সময়সূচীর উপর নির্ভর করে সকালে বা বিকালের জন্য সময় বের করে রাখুন। আপনি একজন সাহায্যকারী ব্যক্তিও আনতে পারেন।

## এই রোগ নির্ণায়ক মূল্যায়ন কিভাবে করা হয়?

এই রোগ নির্ণায়ক মূল্যায়নকে বলা হয় অডিটোরি ব্রেইনস্টেম রেসপন্স (এ বি আর) পরীক্ষা। স্ক্রিনে ব্যবহৃত একই সেন্সর আপনার শিশুর মাথায় লাগানো হবে। হেডফোনের মাধ্যমে শব্দ শিশুর কানে প্রবেশ করানো হবে। শব্দের প্রতি আপনার শিশুর প্রতিক্রিয়া লিপিবদ্ধ করা হয়। এই প্রতিক্রিয়াগুলো থেকে সবচেয়ে অল্প শব্দ নির্ণয় করা হয় যা আপনার শিশু শুনতে পায়।

## মূল্যায়ন করার পর কি হবে?

অডিওলজিস্ট সাধারণত একই দিনে আপনাকে ফলাফলের তথ্য দিতে সক্ষম হবে এবং ফলাফলের অর্থ ব্যাখ্যা করবে।

আপনার শিশুর যদি শ্রবণহীনতা ধরা পড়ে, NSW-এর তিনটি শিশু হাসপাতালের মধ্যে যে কোন একটির বিশেষজ্ঞ সেবাব্যবস্থায় আপনাকে পাঠানো হবে। এই সেবাব্যবস্থাপ্রদানে একটি রিপোর্ট পাঠানো হবে। এই রিপোর্টের একটি কপি আপনার সম্মতিক্রমে আপনার কাছে, আপনার স্থানীয় ডাক্তার এবং আপনার শিশুর পেডিয়াট্রিশিয়ানের কাছে পাঠানো হবে। অডিওলজিস্ট এবং সমাজকর্মী আপনার এবং আপনার শিশুর প্রয়োজনীয় সেবাসমূহ এবং সহায়তা পেতে আপনাকে সাহায্য করবে।

যদি আপনার শিশুর স্বাভাবিক শ্রবণ ক্ষমতা পাওয়া যায় কিন্তু পরবর্তীতে আপনার শিশুর শ্রবণ, কথা বলা এবং ভাষা উন্নয়নের ব্যাপারে আপনি চিন্তিত হয়ে থাকেন, দয়া করে আপনার শিশুর আবার শ্রবণের পরীক্ষার ব্যবস্থা করুন।

আপনার পারিবারিক ডাক্তারের সাথে কথা বলা একটি ভালো শুরু।

শ্রবণ পরীক্ষা যে কোন বয়সে করা যায়।

আরো তথ্যের জন্য নিউ সাউথ ওয়েলস্ শিশু এবং  
পরিবার-এ যোগাযোগ করুন:

<http://www.health.nsw.gov.au/kids-families>

স্থানীয়ভাবে যোগাযোগ/ সাড়াগাতকারের বিবরণ

স্বাস্থ্য সঞ্চয়ী উপদেশের জন্য *healthdirect Australia*

<http://www.healthdirect.gov.au/>

অথবা **1800 022 222** নাম্বারে যোগাযোগ করুন

